

112142 - সেহেরী হিসেবে শুধু পানি পান করা কি যথেষ্ট?

প্রশ্ন

সেহেরীর সময় শুধু পানি পান করার মধ্যে সীমাবদ্ধ থাকলে সেটাকে কি সেহেরী বলা যাবে?

প্রিয় উত্তর

অগ্রগণ্য প্রতীয়মান হচ্ছে- সেটাকে সেহেরী বলা যাবে যদি সে ব্যক্তি অন্য কোন খাবার না পায়। দলিল হচ্ছে- “তোমাদের কেউ ইফতার করলে সে যেন কাঁচা খেজুর দিয়ে ইফতার করে। আর যদি কাঁচা খেজুর না পায় তাহলে শুকনো খেজুর দিয়ে। আর যদি শুকনো খেজুরও না পায় তাহলে কয়েক টোক পানি দিয়ে ইফতার করে।” অতএব, সে ব্যক্তির কাছে যদি কোন খাবার না থাকে; অর্থাৎ খাওয়ার মত কিছু না থাকে; কিংবা তার কাছে খাবার আছে তবে সেটা খেতে তার রুগি হচ্ছে না তাহলে সে পানি পান করবে এবং আশা করি সে সওয়াব পাবে।[সমাপ্ত]